

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.৭৪

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮

১০ মার্চ ২০২২

বিষয়: প্রাক-প্রাথমিক শ্রেণির সরাসরি শ্রেণি কার্যক্রম চালুকরণ।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৮.০১.০০০০.৪০০. ৯৯.০১১.২১.৬৯নং, তারিখ: ০১/০৩/২০২২খ্রি: ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে, বৈশ্বিক মহামারি কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য ১৬/০৩/২০২০খ্রি: তারিখ থেকে প্রাথমিক বিদ্যালয়সমূহের সকল ধরনের সরাসরি শ্রেণি কার্যক্রম বন্ধ ছিল। পরবর্তীতে পুনরায় ০২/০৩/২০২২খ্রি: তারিখে সকল শ্রেণির সরাসরি শ্রেণি কার্যক্রম চালু করা হলেও প্রাক-প্রাথমিকের শ্রেণি কার্যক্রম বন্ধ আছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে সূত্রস্থ স্মারকে প্রেরিত রুটিনে প্রাক-প্রাথমিক শ্রেণির কার্যক্রম ২০/০৩/২০২২খ্রি: থেকে শিক্ষক সহায়িকায় প্রদত্ত রুটিন অনুসারে চালুর নির্দেশনা দেয়া আছে। বর্তমানে দেশে কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণের হার বিবেচনা করে ২০মার্চ ২০২২খ্রি: তারিখের পরিবর্তে আগামী ১৫ মার্চ ২০২২খ্রি: থেকে সপ্তাহে দুইদিন (মঙ্গলবার ও রবিবার) প্রাক-প্রাথমিকের সরাসরি শ্রেণি কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি পরিবীক্ষণ করার জন্য মাঠ পর্যায়ের সকল শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

১১-৩-২০২২

মনীষ চাকমা

পরিচালক

ফ্যাক্স: 02-9038122

বিতরণ :

- ১) বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৪) উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)
- ৫) উপজেলা/থানা রিসোর্স সেন্টার, ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.৭৪/১(১২)


তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮

১০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

- ২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৪) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৫) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৬) অফিস কপি।



১১-৩-২০২২

নাসরিন সুলতানা  
সহকারী পরিচালক